

## ডিজিটাল নিরাপত্তা এজেন্সি এর

### লোগো আহবান

#### ভূমিকা:

ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ এর ধারা ৫ অনুযায়ী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন দেশের ডিজিটাল নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে ‘ডিজিটাল নিরাপত্তা এজেন্সি’ গঠিত হয়েছে। ডিজিটাল নিরাপত্তা এজেন্সি সাধারণত যে সকল কার্যাবলী সম্পাদন করবে সেগুলো হচ্ছে: ডিজিটাল ডিভাইস ও তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে সংঘটিত অপরাধ দমন সংক্রান্ত কার্যক্রমের সমন্বয় ও নিয়ন্ত্রণ করা; যে কোন তথ্য প্রযুক্তি সংক্রান্ত রাষ্ট্রীয় সংকটকালীন সময়ে সংকট মোকাবিলার নিমিত্ত সংশ্লিষ্ট সংস্থাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা; গুরুত্বপূর্ণ ও সংকটাপন্ন তথ্য পরিকাঠামো (CII) এর নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে তাহা নিয়মিত মনিটরিং করা; তথ্য প্রযুক্তি ভিত্তিক হুমকি মোকাবেলা এবং এ সংক্রান্ত নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে কর্মকৌশল প্রণয়ন ও বাস্তবায়ন নিশ্চিত করা; জাতীয় অর্থনীতির বিভিন্ন খাতে তথ্য প্রযুক্তির ব্যবহারিক নিরাপত্তা নিশ্চিত করা; ডিজিটাল নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে জাতীয় কম্পিউটার ইমার্জেন্সী রেসপন্স টিম এবং ফরেনসিক ল্যাব পরিচালনা করা ও অন্যান্য কম্পিউটার ইমার্জেন্সী রেসপন্স টিমসমূহের মধ্যে সমন্বয় সাধন ও তত্ত্বাবধান করা; জাতীয় নিরাপত্তা, প্রতিরক্ষা, বহিঃসম্পর্ক, জনস্বাস্থ্য, জনশৃঙ্খলা ও নিরাপত্তা অথবা প্রয়োজনীয় এবং অপরিহার্য সেবার প্রতি ডিজিটাল সিকিউরিটির হুমকির বিষয়ে সক্রিয় ব্যবস্থা গ্রহণ করা।

ডিজিটাল নিরাপত্তা এজেন্সি গঠনের উদ্দেশ্য এবং কার্যাবলীসমূহ বিবেচনায় নিয়ে এর অফিসিয়াল লোগো ব্যবহারের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তাবলী অনুযায়ী যে কোন বাংলাদেশী নাগরিক বা প্রতিষ্ঠানের নিকট হতে লোগো আহবান করা যাচ্ছে:

#### লোগো জমাদানের শর্তাবলী:

- ২৫ আগস্ট ২০১৯ থেকে ৩০ সেপ্টেম্বর ২০১৯ তারিখ বিকাল ৩:০০টা পর্যন্ত সফটকপি এবং হার্ডকপি উভয় ফরমেটে লোগো জমা দিতে হবে;
- যে কোন বাংলাদেশী নাগরিক বা প্রতিষ্ঠান লোগো জমা দিতে পারবে;
- সফটকপি জমা দেওয়ার ক্ষেত্রে ( admin@dsa.gov.bd ) ইমেইলে বা পেনড্রাইভে প্রাথমিকভাবে JPEG বা PNG ফরমেটে জমা দিতে হবে ( ফাইল সাইজ সর্বোচ্চ ১ মেগাবাইট);
- A4 Photo Paper এ ২”x২” এবং ৪”x৪” সাইজে ১ কপি কালার প্রিন্ট হার্ডকপি মুখ বন্ধ খামে জমা দিতে হবে (খামটি কোন প্রকার ভাঁজ করা যাবে না);
- লোগো এর Concept এবং Design Statement সর্বোচ্চ ৩০০ শব্দে লিখে সংযুক্তি আকারে জমা দিতে হবে;
- প্রতিযোগিতায় অংশগ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, ইমেইল এবং ফোন নম্বর উল্লেখ করতে হবে;
- লোগোর হার্ড কপি মহাপরিচালক, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি, ই-১৪/এক্স, আইসিটি টাওয়ার (৬ষ্ঠ তলা), আগারগাঁও-ঢাকা বরাবরে জমা দিতে হবে;
- প্রস্তাবিত লোগোটি অন্য কোন প্রকাশিত লোগো’র অনুসরণ বা অনুকরণে ডিজাইন করা হয়নি মর্মে একক স্বত্বাধিকারী প্রত্যয়ন পত্র সংযুক্তি আকারে জমা দিতে হবে;
- একজন ব্যক্তি/প্রতিষ্ঠান কেবল মাত্র একটি লোগো জমা দিতে পারবে; জমাদানকারীর নাম, ঠিকানা ও মোবাইল নং উল্লেখ করতে হবে।

#### ঘোষণা:

প্রতিযোগিতায় ১ম বিজয়ীকে ১ (এক) লক্ষ টাকা পুরস্কারসহ সার্টিফিকেট প্রদান করা হবে এবং নির্বাচিত লোগোটি মূল্যায়ন কমিটি/জুরি বোর্ডের সুপারিশের ভিত্তিতে প্রয়োজনীয় সংশোধন সাপেক্ষে (যদি থাকে) ডিজিটাল নিরাপত্তা এজেন্সি’র অফিসিয়াল লোগো হিসাবে ব্যবহার করা হবে।

#### যোগাযোগ:

মোহাম্মদ আনোয়ার হোসেন, মেইটেনেন্স ইঞ্জিনিয়ার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
আইসিটি টাওয়ার, ই-১৪/এক্স, আগারগাঁও, ঢাকা।  
লেভেল-৬ (কক্ষ নং-৭১০)  
ফোন: ৮১৮১১৭৫, ০১৭১০৯০৪০৯৯